

ইচ্ছে

আশিস সান্যাল

সুপক্ক ধানের শিষে
দোলা দেয় আজও দেখি দখিনা বাতাস।
মহুয়া মলুয়া আজও
নতুন প্রেমিকা সেজে
পৃথিবীর সবখানে গড়ে ইতিহাস।
জন্মেছি এ-দেশে মা-গো
মৃত্যু চাই এ-দেশের স্নিগ্ধ গোচারণে
মমরিত হোক সব
এ-দেশের মাঠে-ঘাটে, গজারির বনে।

বাঙালি বুঝায়ত

জিয়াদ আলী

এক
ফিনফিনে এই জ্যোৎস্না মাখানো অরণ্য আর পাহাড়ের শোভা
এ সব দেখেও নিষ্ঠুর বিধি সুরা ছুঁলে বলে তওবা তওবা।
দুই
হালাল বুঝি না, হামারও বুঝি না, যা খিদে মেটায় তাই খুঁটে খাই
যে-নারী কখনো বাঁধবে না ঘর তারই সাথে করি গুট আশনাই।
তিন
হৃদয়ের খাঁচা শূন্য আমার উড়ে গেছে পোষা গর্ভিণী পাখি
বিষাদমাখা এ-মন নিয়ে বিধি তোমাকে ডাকাটা মানায় না কি!
চার
যদি চেয়েছিলে মানুষ বানাতে কেন শয়তান করলে সৃজন
মানুষ এমন কাণ্ড ঘটালো লোকে তাকে বলে কুচক্রী মন।
পাঁচ
ভাগ্যিস পাপ বৃক্ষের ফল খেয়েছিল ইভ এবং অ্যাডাম
না-হলে যৌন সংস্রব ছাড়া মানুষে ভরতো এই ধরাধাম!

আমার শব্দরা

প্রদীপ দে

যদি আমার শব্দরা শস্য হয়
তবে আমি, সুজলা সুফলা ধরিত্রী হব।
যদি আমার শব্দরা আগুন হয়
তবে আমি, প্রতিবাদী ঝড় হব।
যদি আমার শব্দরা বহতা নদী হয়
তবে আমি, জলের স্পর্শে
পাথর - হৃদয় প্রেমের বিগ্রহ
বানাতে পারব।

নিজের ঘরে ফিরতে চাই

গোবিন্দ ভট্টাচার্য

তিনি থাকুন মনের মধ্যে, তিনি থাকুন গুহায়
হিংসা ভুলে ক্ষণিক সর্প যেমন রৌদ্র পোহায়,
কতদিনের জ্বর দখল, কতটা মন সইবে
দুঃখটা তো অপ্রকাশ্য, অন্ধকারেই রইবে।
ইতিহাসের মধ্যে গৌঁজা একটি শুকনো দ্রাক্ষালতা
স্মৃতি যতই উতল হোক কে বুঝবে তার আকুলতা!
স্বর্গকথা স্বপ্নকথা, নরকবাসটা বোধ্য
ধার নিয়েছি জেনে শুনাই, নয় তা পরিশোধ্য
তিনি যদি ঈশ্বর-ই হন, কিংবা মহামন্ত্রী
আমার ঘরটা ছাড়ুন এবার কুটিল ষড়যন্ত্রী!

বিষয় : সময়যাপন

উত্তম চৌধুরী

একটি পালক আমি তুলে নিই মাঝরাত এলে
একটি কলম খুলে লিখে রাখি সময়যাপন,
চিলেকোঠা ঘরে দেখি আলো চেউ তোলে
অন্ধকার মরে গেলে জেগে উঠে আলোর কাঁপন।
একটি শহর জুড়ে এ সময়ে বেলোয়ারি ঝড়
নামগন্ধ চোখে এঁকে গলি থেকে ভিন্নতর গলি,
জারুলের মুখে শূনি ভেঙে যায় ঘর
বাতাসে ওড়ালে বেশি চুমু কিংবা প্রিয় শব্দাবলি।
একটি কাগজ মুখে ছুটে যাই দিক থেকে দিকে
একটি দিনের গায়ে লিখে রাখি শূধু বিজ্ঞাপন,
বোম্বাজন অর্থ খোঁজে অন্ধ খোঁজে কাকে?
নিয়নের রোদ মেখে হেসে ওঠে বিরল আপন।

মিথ্যে ছিল কি

লালমোহন বিশাস

মিথ্যে ছিল কি বুকের উথালপাতাল?
মিথ্যে ছিল কি আকুলিত পথ চাওয়া?
মিথ্যে ছিল কি দীর্ঘজাগর রাত?
মিথ্যে ছিল কি চৈতী বিরহী হাওয়া?
তুমি বোঝনি তাই তো মিথ্যে সব
তুমি বোঝনি হয়নি সে উৎসব।
মিথ্যে ছিল কি আকাশের রামধনু
মিথ্যে ছিল কি বিদ্যুৎ-ছোঁয়া তনু
মিথ্যে ছিল কি ভরা কোটালের বান?
তুমি বোঝনি কবি ভেঙে খান খান।